

مَدْرَسَةُ نَدْوَةِ الْقُرْآنِ

প্রসপেক্টাস

(বালিকা শাখা)

রওজাতুল আতফাল বিভাগ

নাজেরা বিভাগ

হিফজুল কুরআন বিভাগ

(প্রাক-প্রাথমিক থেকে ৩য় শ্রেণি পর্যন্ত)



নাদওয়াতুল কুরআন মাদরাসা

বাড়ি-১৪, রোড-১, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

মোবাইল : ০১৩১৮৭৬১৯০০

ভূমিকা

পড় তোমার প্রভুর নামে, যিনি তোমাকে সৃষ্টি করেছেন- সূরা আলাক: ১।

মহানবী হযরত মুহাম্মদ ﷺ বলেছেন- “দ্বীনী শিক্ষা অর্জন করা প্রত্যেক নারী-পুরুষের জন্য ফরজ।”- জামে সগীর:৫২৪৬। ইসলাম নারী-পুরুষ উভয়কেই শিক্ষা অর্জন করতে বলেছে।

আধুনিক বিশ্বেও নারী শিক্ষার গুরুত্ব অনস্বীকার্য। একজন শিক্ষিতা নারী শুধু একটি পরিবার নয়, বরং একটি শিক্ষিত জাতি উপহার দিতে পারে। তাই ইসলাম ধর্মে নারীর শিক্ষাকে অত্যন্ত গুরুত্ব দেওয়া হয়েছে।

আলহামদুল্লিহ, উপর্যুক্ত বিষয়টি চিন্তা করেই নাদওয়াতুল কুরআন মাদরাসা উন্নত পরিবেশ ও যুগোপযোগী শিক্ষা কারিকুলাম অনুসরণপূর্বক নুরানী, নাজেরা, হিফজুল কুরআন ও জেনারেল শিক্ষার সমন্বয়ে বালিকা শাখা প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেছে।

একটি বালিকা মাদরাসা কেবল কুরআন-হাদীসের জ্ঞানই প্রদান করে না, বরং মেয়েদেরকে আধুনিক শিক্ষা, শিষ্টাচার, চারিত্রিক উন্নয়ন এবং বাস্তব জীবনে ইসলামি আদর্শ অনুসারে চলার প্রশিক্ষণ দেয়। এখানে ছাত্রীরা ইসলামী পরিবেশে নিরাপদে থেকে দ্বীনী শিক্ষা গ্রহণ করে ভবিষ্যতে উত্তম স্ত্রী, স্নেহময়ী মা ও দায়িত্বশীল নাগরিক হিসেবে গড়ে উঠতে সক্ষম হয়। তাই বালিকা মাদরাসার ভূমিকা অপরিসীম।

সুতরাং আল্লাহভীরু ও সূন্নাতের অনুসারী প্রকৃত মুমিন এবং দেশপ্রেমে উজ্জীবিত জাতি গঠনই নাদওয়াতুল কুরআন মাদরাসার একমাত্র লক্ষ ও উদ্দেশ্য। আল্লাহ তা'আলা আমাদের এই প্রচেষ্টাকে কবুল করুন। আমীন!

আরজগুজার
মুফতী রাকিবুল হাসান হাফিযাভুল্লাহ

আমাদের বৈশিষ্ট্যসমূহ:

- প্রশিক্ষিত, অভিজ্ঞ এবং শিক্ষাদানে আন্তরিক শিক্ষিকামণ্ডলী দ্বারা শিক্ষাকার্যক্রম পরিচালনা।
- সম্পূর্ণ শরয়ী পর্দা রক্ষা করে মহিলা শিক্ষিকা দ্বারা পাঠদান।
- কুরআন, হাদীসের পাশাপাশি জেনারেল বিষয়সমূহের প্রতি বিশেষ গুরুত্ব প্রদান।
- আমল আখলাকের প্রতি বিশেষ গুরুত্ব ও দৈনন্দিন ডায়েরি সংরক্ষণ।
- রওজাতুল আতফাল বিভাগের প্রতিটি ক্লাসে মাত্র ১৫ জন শিক্ষার্থী।
- হিফজুল কুরআন বিভাগে প্রতি ১২ জন এবং নাজেরা বিভাগে প্রতি ১৫ জন শিক্ষার্থীর জন্য একজন করে শিক্ষিকার ব্যবস্থা।
- সিসিটিভির মাধ্যমে সার্বক্ষণিক পর্যবেক্ষণের ব্যবস্থা।
- সম্পূর্ণ শীতাতপ নিয়ন্ত্রিত শ্রেণিকক্ষ।
- মেধাবী শিক্ষার্থীদের বিশেষ পুরস্কারের ব্যবস্থা।
- দৈনন্দিন তালীমের ব্যবস্থা।
- আন্তর্জাতিক মানের হাফেজে কুরআন ও ক্বারীদের তত্ত্বাবধানে মাশকের ব্যবস্থা।
- নিজস্ব পরিবহন ব্যবস্থা।
- খেলা-ধুলার ব্যবস্থা।
- শিক্ষার্থী ও অভিভাবকদের সংশ্লিষ্ট তথ্যের ডাটাবেজ প্রস্তুত ও সংরক্ষণের ব্যবস্থা।
- সুন্নাহ মোতাবেক জীবন পরিচালনা এবং দাঈয়াহ ইলাল্লাহ হিসেবে শিক্ষার্থীদেরকে গড়ে তোলা।
- প্রতি মাসে অভিভাবক ও জনসাধারণের জন্য (পর্দার সাথে) দ্বীনী মজলিসের ব্যবস্থা।

শ্রেণি অনুযায়ী বয়সসীমা:

শ্রেণি	বয়স
রওজাতুল আতফাল	শিশুশ্রেণি
	৫ থেকে ৬ বছর
	প্রথম শ্রেণি
	৬ থেকে ৭ বছর
নাজেরা বিভাগ	দ্বিতীয় শ্রেণি
	৭ থেকে ৮ বছর
হিফজুল কুরআন বিভাগ	তৃতীয় শ্রেণি
	৮ থেকে ১০ বছর
দ্বীন শিক্ষা (ছাত্রী)	-
	যেকোনো বয়সের
দ্বীন শিক্ষা (বয়স্ক)	-
	যেকোনো বয়সের

ভর্তি পরীক্ষার ধরন ও বিষয়াবলি :

রওজাতুল আতফাল	শিশুশ্রেণি	পরীক্ষার ধরন: মৌখিক।
	১ম শ্রেণি	পরীক্ষার ধরন: মৌখিক ও লিখিত। মৌখিক বিষয়: কায়দা। লিখিত বিষয়: প্রাক-প্রাথমিক বাংলা, ইংরেজি ও গণিত।
	নাজেরা (২য় শ্রেণি)	পরীক্ষার ধরন: মৌখিক ও লিখিত। লিখিত বিষয়: ১ম/২য় শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত। মৌখিক বিষয়: কুরআনুল কারীম।
	হিফজুল কুরআন (৩য় শ্রেণি)	পরীক্ষার ধরন: মৌখিক ও লিখিত। লিখিত বিষয়: ২য়/৩য় শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত। মৌখিক বিষয়: আমপারা/কুরআনুল কারীম এবং প্রয়োজনীয় মাসআলা-মাসায়েল।
	দ্বীন শিক্ষা (ছাত্রী)	মৌখিক: কায়দা/কুরআন কারীম।
	দ্বীন শিক্ষা (বয়স্ক)	মৌখিক: কায়দা/কুরআন কারীম।

শ্রেণিভিত্তিক সিলেবাস

রওজাতুল আতফাল (শিশুশ্রেণি)

কায়দা, মাসনূন দু'আ, হাদীস ও মাসাইল পার্ট-১, আকাইদ, ইসলামী সাধারণ জ্ঞান ও সিরাত পার্ট-১, প্রাক-প্রাথমিক শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত।

রওজাতুল আতফাল (১ম শ্রেণি)

আম্মাপারা, মাসনূন দু'আ, হাদীস ও মাসাইল পার্ট-২, আকাইদ, ইসলামী সাধারণ জ্ঞান ও সিরাত পার্ট-২, ১ম শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত।

নাজেরা বিভাগ (২য় শ্রেণি)

কুরআনুল কারীম, মাসনূন দু'আ, হাদীস ও মাসাইল পার্ট-৩, আকাইদ, ইসলামী সাধারণ জ্ঞান ও সিরাত পার্ট-৩, ফিকহ ও আকাইদ পার্ট-৩, ২য় শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত।

হিফজুল কুরআন বিভাগ (৩য় শ্রেণি)

কুরআনুল কারীম, মাসনূন দু'আ, হাদীস ও মাসাইল পার্ট-৪, আকাইদ, ইসলামী সাধারণ জ্ঞান ও সিরাত পার্ট-৪, ফিকহ ও আকাইদ পার্ট-৪, ২য় শ্রেণির বাংলা, ইংরেজি ও গণিত।

ক্লাসের সময়সূচি

রওজাতুল আতফাল	শিশুশ্রেণি	সকাল ৯:০০ থেকে ১১:৩০ মিনিট পর্যন্ত
	১ম শ্রেণি	সকাল ৯:০০ থেকে ১২:০০টা পর্যন্ত
	নাজেরা বিভাগ (২য় শ্রেণি)	সকাল ৭:০০ থেকে ১০:৩০ এবং দুপুর ২:৩০ থেকে ইশার নামাজ পর্যন্ত
	হিফজুল কুরআন বিভাগ (৩য় শ্রেণি)	সকাল ৭:০০ থেকে ১০:৩০ এবং দুপুর ২:৩০ থেকে ইশার নামাজ পর্যন্ত

ভর্তি ফি এবং আনুষঙ্গিক তথ্য

রওজাতুল আতফাল বিভাগ

বিবরণ	পুরাতন শিক্ষার্থী	নতুন শিক্ষার্থী
ভর্তি ফরম	-----	৫০০/-
ভর্তি ফি	-----	৪,০০০/-
সেশন ফি	৮,০০০/-	৬,০০০/-
আইডি কার্ড	২০০/-	২০০/-
সর্বমোট	৮,২০০/-	১০,৭০০/-

নাজেরা বিভাগ

বিবরণ	পুরাতন শিক্ষার্থী	নতুন শিক্ষার্থী
ভর্তি ফরম	-----	৫০০/-
ভর্তি ফি	-----	৪,০০০/-
সেশন ফি	১০,০০০/-	১০,০০০/-
আইডি কার্ড	২০০/-	২০০/-
সর্বমোট	১০,২০০/-	১৪,৭০০/-

হিফজুল কুরআন বিভাগ

বিবরণ	পুরাতন শিক্ষার্থী	নতুন শিক্ষার্থী
ভর্তি ফরম	-----	৫০০/-
ভর্তি ফি	-----	৫,০০০/-
সেশন ফি	১০,০০০/-	১০,০০০/-
আইডি কার্ড	২০০/-	২০০/-
সর্বমোট	১২,২০০/-	১৫,৭০০/-

মাসিক বেতন সংক্রান্ত তথ্য

রওজাতুল আতফাল বিভাগ

বিবরণ	শিশু শ্রেণি	১ম শ্রেণি
টিউশন ফি	২,৫০০/-	৩,০০০/-
সার্ভিস চার্জ	৫০০/-	৫০০/-
সর্বমোট	৩,০০০/-	৩,৫০০/-

নাজেরা বিভাগ

বিবরণ	খরচ
টিউশন ফি	৫,০০০/-
সার্ভিস চার্জ	৫০০/-
সর্বমোট	৫,৫০০/-

হিফজুল কুরআন বিভাগ

বিবরণ	খরচ
টিউশন ফি	৬,০০০/-
সার্ভিস চার্জ	৫০০/-
সর্বমোট	৬,৫০০/-

কুরআন শিক্ষা বিভাগ

বিবরণ	ভর্তি ফি	মাসিক টিউশন ফি
স্কুলগামী ছাত্রীদের দ্বীন শিক্ষা বিভাগ	১,৫০০/-	১,৫০০/-
বয়স্কা দ্বীন শিক্ষা বিভাগ	১,০০০/-	১,০০০/-

পরীক্ষার ফি

বিভাগ	টিউটোরিয়াল ১/২	অর্ধ-বার্ষিক/বার্ষিক
রওজাতুল আতফাল	২০০/-	৫০০/-
নাজেরা	৩০০/-	৬০০/-
হিফজুল কুরআন	২০০/-	৫০০/-

অন্যান্য ফি

বিষয়	পরিমাণ
শিশুশ্রেণি (বই)	১,৫০০/-
প্রথম শ্রেণি (বই)	১,৫০০/-
২য় শ্রেণি (বই)	২,০০০/-
৩য় শ্রেণি (বই)	২,০০০/-
তথ্য সংরক্ষণ বই	১০০/-
তথ্য বহি	১০০/-
ইউনিফর্ম	২,০০০/-
স্টেশনারী (খাতা, পেন্সিল, রাবার, কাটার ইত্যাদি)	-----
মাদরাসার অ্যাকাডেমিক ক্যালেন্ডার	২০০/-

ভর্তি প্রক্রিয়া :

অফিস চলাকালীন মাদরাসা কার্যালয় থেকে ভর্তি-ফরম সংগ্রহ করতে হবে।
পূরণকৃত ভর্তি-ফরমের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবে:

- শিক্ষার্থীর সদ্য তোলা ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি।
- শিক্ষার্থীর জন্মনিবন্ধনের কপি।
- অভিভাবকের নাগরিকত্ব সনদ অথবা জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি।
- পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের ছাড়পত্র/মার্কশিট/প্রশংসাপত্রের কপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
- স্থানীয় অভিভাবকের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০১ কপি রঙিন ছবি। (প্রযোজ্য ক্ষেত্রে)
- কাগজপত্র যাচাইপূর্বক শ্রেণি অনুযায়ী নির্ধারিত পরীক্ষা গ্রহণের পর ফলাফলের ভিত্তিতে নির্দিষ্ট ফি জমাদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

শিক্ষার্থীদের অবশ্য পালনীয় ব্যক্তিগত বিষয়াবলি:

প্রতিষ্ঠানের সকল নিয়ম-কানুন মেনে চলা।

দৈনন্দিন রুটিন পরিপূর্ণভাবে অনুসরণ করা।

নিজের রুম, ক্লাসরুম, জামা-কাপড় গুছিয়ে পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা।

পড়ালেখার সময় অন্যকে বিরক্ত না করা।

টাকা-পয়সা, মোবাইল, খেলনা, গল্প-উপন্যাসের বই, ভিডিও গেমসহ কোনো প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে না রাখা।

মাদরাসা ত্যাগ ও প্রবেশের সময় দায়িত্বরত প্রশাসনিক কর্মকর্তার অনুমতি নেয়ার পর অনুমতিপত্র দারোয়ানের কাছে জমা দেওয়া এবং আইডি কার্ড সঙ্গে রাখা।

মাদরাসার শিক্ষিকা, খাদেমা এবং অভিভাবকসহ সকলের সাথে মার্জিত আচরণ করা।

মাদরাসা কর্তৃক প্রবর্তিত তাত্ক্ষণিক যেকোনো সিদ্ধান্ত মানতে বাধ্য থাকা।

সবসময় ইউনিফর্ম পরিধান করা।

ছুটির সময়সূচি:

বছরের শুরুতে অ্যাকাডেমিক ক্যালেন্ডার সরবরাহ করা হবে।

পরীক্ষা পরবর্তী ছুটি।

২টি ঈদ উপলক্ষে মাদরাসা কর্তৃক নির্ধারিত ছুটি।

৪ সপ্তাহ পর পর ২ দিন মাসিক ছুটি।

বিশেষ প্রয়োজনে প্রতিষ্ঠান প্রধান বরাবর দরখাস্তের মাধ্যমে ছুটি নেওয়া যাবে।

অভিভাবকদের পালনীয় জরুরী বিষয়াবলি:

মাদরাসার লেখাপড়া অথবা মাদরাসার কোনো শিক্ষিকা বা খাদেমার ব্যাপারে কোনো পরামর্শ থাকলে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করা।

মাদরাসার হিসাবরক্ষক বা নাজেম ব্যতীত কোনো শিক্ষিকা, খাদেমা, বাবুর্চি বা অন্য কোনো খাদেমার সাথে কোনো প্রকার আর্থিক লেনদেন না করা।

মানি রিসিপ্ট ছাড়া কোনো প্রকার লেনদেন না করা।

সন্তানকে প্রতিষ্ঠানের সকল নিয়ম-কানুন মেনে চলতে সহযোগিতা করা।

বেতনসহ অন্যান্য ফি প্রতি মাসের ৭ তারিখের মধ্যে পরিশোধ করা।

ছুটির সময় সন্তানকে বাড়িতে মাদরাসার পরিবেশে যেভাবে ছিল সেভাবে রাখা।

নিয়মিত নোটিশবোর্ড পর্যবেক্ষণ করা।

ছুটির পর খোলার দিন যথাসময়ে সন্তানকে মাদরাসায় উপস্থিত করা।

বিনা ছুটিতে সন্তানকে বাড়িতে না নিয়ে যাওয়া।

মাদরাসা যেহেতু আপনার আদরের সন্তানের আহার, আবাসন ও জ্ঞানার্জনের স্থান, তাই উপর্যুক্ত বিষয়াবলি মেনে কাজক্ষিত সাফল্য অর্জনে সহযোগিতা করা।

বিশেষ দৃষ্টব্য

মাদরাসার সুষ্ঠু ব্যবস্থাপনা থাকা সত্ত্বেও যদি কোনো শিক্ষার্থী কর্তৃপক্ষের বিনা অনুমতিতে মাদরাসা ত্যাগ করে এর দায়ভার প্রতিষ্ঠান নিবে না।

ভবিষ্যৎ পরিকল্পনা

আধুনিক সুযোগ-সুবিধা সম্বলিত সুবিশাল শিক্ষা ভবন, আবাসিক ভবন ও খেলাধুলার জন্য মাঠ নির্মাণ।

কিতাব বিভাগ (মাদানী নেসাব) খোলা।

ফিকহ, হাদীস ও তাফসীর বিভাগ খোলা।

বিভিন্ন জনকল্যানমূলক কাজ করা।

মাদরাসা কমপ্লেক্সের ভবন নির্মাণের আবেদন

একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠানের জন্য সুবিশাল ক্যাম্পাস, বিস্তৃত মাঠ এবং প্রয়োজনীয় যাবতীয় শিক্ষা উপকরণ অতিব জরুরী। সেই চিন্তাকে সামনে রেখেই আমাদের ও আপনাদের প্রিয় প্রতিষ্ঠান “নাদওয়াতুল কুরআন মাদরাসা”র জন্য প্রাথমিকভাবে সি ব্লক ১নং রোডের ২৬নং প্লটের ২য় তলা কেনা হয়েছে।

আলহামদুলিল্লাহ, এ পর্যন্ত আমাদের খরচের পরিমাণ প্রায় ৭০,০০,০০০/- (সত্তর লক্ষ টাকা)। নির্মাণ কাজ সম্পন্ন করতে প্রয়োজন আরো প্রায় ৪০,০০,০০০/- (চল্লিশ লক্ষ টাকা)। এই মহত সাদাকায়ে জারিয়া প্রজেক্ট বাস্তবায়নে মাদরাসা কর্তৃপক্ষ আপনাদের সকলের আন্তরিক দু'আ ও সহযোগীতা বিনীতভাবে কামনা করছে। আল্লাহ তাআলা আমাদের সবাইকে সাদাকায়ে জারিয়ায় অংশগ্রহণ করার তাওফিক দান করুন। আমিন।

আপনি যেভাবে এই সদকায়ে জারিয়ায় অংশগ্রহণ করতে পারেন...

১. এক কালীন ১ লাখ টাকা প্রদান করে। ১০০,০০০/-
২. একশ স্কয়ার ফিট পরিমাণ মূল্য প্রদান করে। ২,৫০,০০০/-
৩. দশ স্কয়ার ফিট পরিমাণ মূল্য প্রদান করে। ২৫,০০০/-
৪. যেকোনো পরিমাণ টাকা প্রদান করে।

ব্যংক হিসাব নং...


Nadwatul Quran Madrasah
A/C No: 20506330100005105
Islami Bank Bangladesh Limited
Nabinbag Sub-Branch (Khilgaon branch)
(Routing number: 125273675)

baksh Merchant/Nagad
01318761900

বিনীত

মুফতি রাফিকুল হাসান

মুদীর (প্রিন্সিপাল), নাদওয়াতুল কুরআন মাদরাসা



ক্লাসরুম



হিফজ বিভাগ



নাদওয়াতুল কুরআন মাদরাসা

মূল ক্যাম্পাস

বাড়ি-১৪, রোড-১, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

ভবন - ২

বাড়ি-২, মেইনরোড, ব্লক-সি, বনশ্রী, রামপুরা, ঢাকা-১২১৯

মোবাইল : ০১৩১৮৭৬১৯০০